তারিখ ...06 APR 2016...
পৃষ্ঠা ...১৫... কলাম ...৭...

কালের কণ্ঠ

ক্যান্টিন কর্মীকে 'ধর্ষণ'

# জাবিতে প্রতিবাদ, বিচার দাবিতে মানববন্ধন

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▷

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ক্যান্টিন কর্মী এক কিশোরীকে 'অপহরণ ও ধর্ষণের' প্রতিবাদে এবং অভিযুক্ত বখাটেদের বিচারের দাবিতে মানববন্ধন হয়েছে। মঙ্গলবার ১১টায় প্রশাসনিক ভবনের সামনে বাংলাদেশ ছাত্র ইউনিয়ন জাবি সংসদ এ কর্মসূচির আয়োজন করে। মানববন্ধনে ছাত্র ইউনিয়ন জাবি সংসদের সভাপতি দীপাঞ্জন সিদ্ধান্ত কাজল ও সাধারণ সম্পাদক আবিদ সরকার সোহাগ বলেন, বিশ্ববিদ্যালয়ের পাশের এলাকায় এ ধরনের ঘটনা ঘটল, অথচ প্রশাসন নিশ্চুপ। হল ক্যান্টিন ম্যানেজার একটি মামলা করলেও বিশ্ববিদ্যালয় প্রশাসন এখনো কোনো পদক্ষেপ নেয়নি। এ সময় তাঁরা ভুক্তভোগীর নিরাপত্তা বিধানে বিশ্ববিদ্যালয় প্রশাসনকে এগিয়ে আসার এবং অভিযুক্তদের সর্বোচ্চ শাস্তি নিশ্চিত করার দাবি জানান।

এদিকে ঘটনায় জড়িত একজনকে আটক করেছে আশুলিয়া থানার পুলিশ। তবে মূল আসামিরা এখনো পলাতক রয়েছে। এলাকাবাসী জানায়, গত ২৬ মার্চ রাতে ক্যান্টিনে কাজ শেষে ওই কিশোরী বিশ্ববিদ্যালয়ের পাশের আমবাগান এলাকায় তার বান্ধবীর বাসায় বেড়াতে যায়। রাত ৩টার দিকে আশুলিয়ার পাথালিয়া ইউনিয়ন পরিষদের সদস্য লেহাজ উদ্দিনের ছেলে সুজনের নেতৃত্বে তার বন্ধু ফজলুল, মানিকসহ অন্য তিন-চারজন যুবক কিশোরীকে জোর করে তুলে নেয়। এ সময় তার বান্ধবীর পরিবার বাধা দিলে যুবকরা তাদেরও হেনস্তা করার চেষ্টা করে। পরে নবীনগর এলাকায় নিয়ে কিশোরীকে ধর্ষণ করা হয় বলে এলাকাবাসীর অভিযোগ।